গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০১৪.২০- ৭৫৪ তারিখ : ১৪/১০/২০২০খ্রি.

**বিষয়: বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ উদযাপন ।**

মুজিব জন্মশত বার্ষিকী উপলক্ষে আগামী ১ নভেম্বর ২০২০ তারিখে "বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০" শিরোনামে স্বাস্থ্যবিধি অনুসরণে সাড়ম্বরে এবারের জাতীয় যুব দিবস উদযাপিত হবে। জাতীয় উন্নয়নে যুব সমাজের অপরিহার্য সম্পৃক্ততার প্রেক্ষাপটে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ এর প্রতিপাদ্য বিষয় নির্বাচন করা হয়েছে :

**"মুজিববর্ষের আহ্বান
যুব কর্মসংস্থান"।**

০২। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় পর্যায়ে "বঙ্গবন্ধু জাতীয় যুবদিবস ২০২০" এর ভার্চুয়ালি উদ্বোধনী অনুষ্ঠান, বঙ্গবন্ধু জাতীয় পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হবে। ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত থেকে "বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০" এর শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। কোভিড-১৯ বিবেচনায় স্বাস্থ্যবিধি অনুসরণে মাঠ পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ ও সহযোগিতা নিয়ে এ বছরেও অন্যান্য বারের মতো জেলা/উপজেলা পর্যায়ে, উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ প্রশিক্ষণ কোর্স উদ্বোধন, সনদপত্র ও ঋণের চেক বিতরণ, ভ্যাকসিনেশন, রক্তদান কর্মসূচি, প্রজনন-স্বাস্থ্য এবং মা ও শিশু -স্বাস্থ্য সম্পর্কিত ধারনা প্রদান, কেন্দ্রের বা আত্মকর্মীর পুকুরে মাছের পোণা অবমুক্তকরণ, সফল আত্মকর্মী/সফল যুব সংগঠকদের পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ, বৃক্ষরোপণ, গাছের চারা বিতরণ, খেলাধুলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান এবং মাদক, যৌতুকপ্রথা, বাল্যবিবাহ, ইভটিজিং ও সন্ত্রাস-জঙ্গিবাদবিরোধী জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

০৩। এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য ও বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/জেলা পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারসহ প্রশিক্ষিত যুবক/যুবমহিলা, সফল আত্মকর্মী/সফল যুবসংগঠক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে আমন্ত্রণপূর্বক তাঁদের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করে বঙ্গবন্ধু জাতীয় যুবদিবস ২০২০ যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে নিজ নিজ জেলা/উপজেলায় কর্মসূচি প্রণয়ন ও তদানুযায়ী ব্যবস্থা নিতে জেলা/উপজেলার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের অনুরোধ করা হলো। এতদ্ব্যতীত, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের সম্পৃক্ত করে তাদেরকে দায়িত্ব প্রদানপূর্বক বঙ্গবন্ধু জাতীয় যুবদিবস ২০২০ উদযাপনের প্রয়োজনীয় প্রস্তুতি/ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। "বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০" যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৭টি বিভাগ পর্যায়ের জেলা কার্যালয়ে (ঢাকা জেলা ব্যতীত) ২৩,০০০/-x৭ টাকা, ৫৬টি জেলা কার্যালয়ে ১১,০০০/-x ৫৬ টাকা এবং ৪২৮টি উপজেলা কার্যালয়ে ৭,৫০০/-x ৪২৮ টাকা (সদর/ইউনিট থানা ব্যতীত) বাজেট বরাদ্দ দ্রুত প্রেরণ করা হচ্ছে। প্রদত্ত বরাদ্দে স্থানীয় প্রশাসন এবং যুব সংগঠনসমূহকে সম্পৃক্ত করে " বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০" এর কর্মসূচি প্রণীত হতে পারে।

০৫। একটি সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে "বঙ্গবন্ধু জাতীয় যুবদিবস ২০২০" উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪.১০.২০২০

(আখতারুজ জামান খান কবির)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯।

চলমান পাতা-২।

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ........................................................ জেলা।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ............. উপজেলা ...............জেলা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০১৪.২০-৭৫৪ তারিখ :১৪/১০/২০২০খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
০২। বিভাগীয় কমিশনার ..........................................সকল) বিভাগ।
০৩। পরিচালক/প্রকল্প পরিচালক, ......................................(সকল)), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, ................................................... (সকল) জেলা।
০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ .................. (সকল) উপজেলা .................... জেলা।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .................... (সকল) উপজেলা ............ জেলা।
০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ....................................................।
১১। কো-অর্ডিনেটর, যুবপ্রশিক্ষণ কেন্দ্র/অধ্যক্ষ, কে.মা.স.উ.কে., যুব উন্নয়ন অধিদপ্তর, ..........................
১২। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ...................... জেলা।
১৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (তাঁকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................(সকল) জেলা।
১৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ....................................(সকল) উপজেলা।
১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৭। অফিস কপি।

14/10/2020
(চায়না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন : ৯৫৬০৭৫৩